

যুগান্তর

প্রিন্ট: ১৪ জুন ২০২৬, ০৬:০১ এএম

শিক্ষাঙ্গন

এনসিটিবি ও ৫ শিক্ষাবোর্ডে নতুন চেয়ারম্যান
পদে নিয়োগ পেলেন যারা

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৮ জুন ২০২৬, ০৮:০৩ পিএম



যুগান্তর

ফাইল ছবি



লাইভ



ব্রাজিল

১ - ১

গ্রুপ সি

মরক্কো



রবিবার ১৪ জুন ২০২৬

পরবর্তী খেলাসমূহ

রবিবার ১৪ জুন ২০২৬

[গ্রুপ সি] সকাল ৭টা



হাইতি

-

স্কটল্যান্ড



জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র

রবিবার ১৪ জুন ২০২৬

[গ্রুপ ডি] সকাল ১০টা



অস্ট্রেলিয়া

-

তুরস্ক



বিসি প্লেস, ভ্যাঙ্কভার, কানাডা

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এবং ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ দিয়েছে সরকার।

সোমবার (৮ জুন) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে পৃথক পৃথক প্রজ্ঞাপন জারি করে এই নিয়োগ দেওয়া হয়।

মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী, এনসিটিবির নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন চট্টগ্রাম কমার্স কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ফখরুল মাওলা। অন্যদিকে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকার চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয়েছে ময়মনসিংহ শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক সৈয়দ আব্দুলজামানকে।

রাজশাহী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের নতুন চেয়ারম্যান হয়েছেন বোর্ডটির বর্তমান সচিব শামীম আরা চৌধুরী। কুমিল্লা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পেয়েছেন দাউদকান্দি/দেবিদ্বার সরকারি এসএস কলেজের অধ্যক্ষ মো. আহসান পারভেজ।

যশোর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে খুলনার হাজী মুহাম্মদ মহসিন কলেজের অধ্যক্ষ অধ্যাপক ফারুখে আযম মু. আব্দুস ছালামকে। এছাড়া, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পেয়েছেন কুমিল্লা শিক্ষাবোর্ডের সচিব অধ্যাপক খোন্দকার মোহাম্মদ সাদেকুর রহমান।

শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, জনস্বার্থে জারি করা এসব আদেশ অবিলম্বে কার্যকর হবে।